# চাইল্ড ফোন কন্ট্রোল




Powered by – DAILY SOFT TECH

স্মার্টফোনের অপব্যবহার রোধে **চাইল্ড ফোন কন্ট্রোল** এর মতো প্যারেন্টাল কন্ট্রোল অ্যাপ্লিকেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এই অ্যাপের মাধ্যমে অভিভাবকরা বিভিন্ন ধরনের কন্টেন্ট ফিল্টার, স্ক্রীন টাইম নিয়ন্ত্রণ, নির্দিষ্ট সময়ের জন্য মোবাইল ব্যবহারের সীমাবদ্ধতা আরোপ, এবং রাতের বেলায় মোবাইল বন্ধ রাখার মত বৈশিষ্ট্যগুলো ব্যবহার করে শিশুদের নিরাপদ ও স্বাস্থ্যকর স্মার্টফোন ব্যবহারের অভ্যাস গড়ে তুলতে পারবেন।

**চাইল্ড ফোন কন্ট্রোল** অ্যাপ ইনস্টলেশনের পর অ্যাপ ব্যবহারের জন্য একটি ৪-সংখ্যার পাসওয়ার্ড সেট করা বাধ্যতামূলক। অ্যাপটি বন্ধ করা বা যেকোনো সেটিংস পরিবর্তনের জন্য এই পাসওয়ার্ড প্রয়োজন হবে, তবে অ্যাপটি চালু করার ক্ষেত্রে পাসওয়ার্ডের প্রয়োজন নেই। যদি অভিভাবক যাচাইয়ের সময় পাসওয়ার্ড ৪ বার ভুল দেওয়া হয়, অ্যাপটি লক হয়ে যাবে। এই অবস্থায়, পাসওয়ার্ড পুনরায় রিসেট করার জন্য **ডেইলি সফট টেক** অ্যাপ ব্যবহার করা যাবে।

ফলে খুব সহজেই অভিভাবক অ্যাপটি চালু করতে পারবেন যা সন্তানের স্মার্টফোন ব্যাবহারে নিয়ন্ত্রণ আনবে এবং নিজ প্রয়োজনে অভিভাবক অ্যাপটি বন্ধ রেখে যেকোনো এপ্লিকেশন ব্যবহার করতে পারবেন এবং এটি অ্যাপ ব্যবহারের ইতিহাসে যুক্ত হবেনা।

**চাইল্ড ফোন কন্ট্রোল  অ্যাপের ফিচার সমূহ:**

**ফিচার -১: স্ক্রিন টাইম নিয়ন্ত্রণ**

**ফিচার-২: একটানা ব্যবহারের সীমা নির্ধারণ**

**ফিচার-৩: অ্যাপ শিডিউল বা ব্লক**

**ফিচার-৪: ইউটিউব শর্ট ভিডিও বন্ধ**

**ফিচার-৫: ঘুমের সময় ফোন ব্যবহারে নিয়ন্ত্রণ**

**ফিচার-৬: নিষিদ্ধ ওয়েবসাইট ব্লক**

**ফিচার-৭: গুগল সার্চ এ নিষিদ্ধ শব্দ ব্লক**

**ফিচার-৮: শিশুদের মোবাইল ব্যবহার পর্যবেক্ষণ করা**

**ফিচার-৯: অ্যাপ আনইনস্টল রোধ**

**ফিচার -১: স্ক্রিন টাইম নিয়ন্ত্রণ**

স্ক্রিন টাইম ফিচারের মাধ্যমে একদিনে (২৪ ঘন্টা) সর্বোচ্চ কত ঘন্টা মোবাইল ব্যবহার করতে পারবেন তা নির্ধারণ করা যাবে। এছাড়াও দৈনিক কত ঘন্টা মোবাইল ব্যবহার করছে তারও তথ্য থাকবে যা অভিভাবকের জন্য খুবই গুরুত্বপূর্ণ।
প্রাথমিকভাবে  স্ক্রিন টাইম ২৪ ঘন্টায় ৩ ঘন্টা সেট করা আছে,  তবে অভিভাবক চাইলে এটি পরিবর্তন করতে পারবেন।

**ফিচার-২: একটানা ব্যবহার**

একটানা সর্বোচ্চ কতক্ষন মোবাইল ব্যবহার করতে পারবেন তা এই ফিচারের মাধ্যমে নির্ধারণ করা যাবে। এটি মোবাইল ফোনে আসক্ততা নিয়ন্ত্রণ করবে।
প্রাথমিকভাবে প্রতি ৬০ মিনিটে সর্বোচ্চ৩০ মিনিট মোবাইল ব্যবহার করা যাবে এটি সেট করা থাকবে, তবে অভিভাবক চাইলে এটি পরিবর্তন করতে পারবেন।

**ফিচার-৩: অ্যাপ শিডিউল বা ব্লক**

অনেক অ্যাপস, গেমস যা ছেলেমেয়েরা ব্যবহার করতে পারবেন কিন্তু তার নিয়ন্ত্রণ প্রয়োজন। কোন এপ্লিকেশন দৈনিক ও সাপ্তাহিক সর্বোচ্চ কত সময় ব্যবহার করতে পারবেন তা এই ফিচারের মাধ্যমে নির্ধারণ করা যাবে। এছাড়াও অনেক ১৮+ অ্যাপস, গেমস ও অনলাইন জোয়া সহ অনেক এপ্লিকেশন আছে যা কোনো ভাবেই ১৮ বছরের নিচের ছেলেমেয়েদের জন্য ব্যবহার যোগ্য নয়।
এই সমস্ত অ্যাপস গুলোকে সহজেই ব্লক/বন্ধ করা যাবে।

প্রাথমিকভাবে বেশকিছু এপ্লিকেশন ব্লক বা শিডিউল করা আছে, তবে অভিভাবক চাইলে এটি পরিবর্তন করতে পারবেন। এইজন্য সময়সূচি সেটআপ পেজে গিয়ে শিডিউল টাইম পরিবর্তন অথবা নতুন এপ্লিকেশন ব্লক বা শিডিউল করা যাবে। নতুন ভাবে কোনো অ্যাপ ব্লক বা শিডিউল করার সহজ উপায় হলো অ্যাপ ব্যবহারের তথ্য পেজ থেকে খুব সহজেই কোনো অ্যাপকে ব্লক বা শিডিউল করা যাবে। এইজন্য কাঙ্ক্ষিত অ্যাপ, গেম অথবা ওয়েবসাইট কে ওপেন করবো। ওপেন করলে ওই অ্যাপ, গেম অথবা ওয়েবসাইট "অ্যাপ ব্যবহারের তথ্য" পেজে চলে আসবে। এখন অ্যাপ ব্যবহারের তথ্য পেজ থেকে খুব সহজেই কাঙ্ক্ষিত অ্যাপ, গেম অথবা ওয়েবসাইট কে খুব সহজেই ব্লক অথবা শিডিউল করা যাবে।
অ্যাপ ব্যবহারের তথ্য > কাঙ্ক্ষিত অ্যাপ, গেম অথবা ওয়েবসাইট > + > যোগ করুন
তাহলে কাঙ্ক্ষিত এপ্লিকেশনটি ব্লক হয়ে যাবে। তবে শিডিউল এর জন্য দৈনিক ও সাপ্তাহিক সর্বোচ্চ ব্যবহারের সময় শুন্যের পরিবর্তে পরিমান সেট করতে হবে।

**ফিচার-৪: ইউটিউব শর্ট ভিডিও বন্ধ**

ইউটিউব শর্ট ভিডিও গুলোতে সাধারণত ১৮+ কনটেন্ট দেখা যায় যা ১৮ এর নিচের ছেলেমেয়েদের জন্য ক্ষতিকর। এই ক্ষতিকর কনটেন্ট থেকে ছেলেমেয়েদের কে দূরে রাখার জন্য ইউটিউব শর্ট ভিডিও বন্ধ এই ফিচারটি খুবই কার্যকর।

প্রাথমিকভাবে ইউটিউব শর্ট ভিডিও বন্ধ সেট করা থাকবে।

**ফিচার-৫: ঘুমের সময়**

অনেক ছেলেমেয়ে রাতে ঘুমের সময় না ঘুমিয়ে, লুকিয়ে মোবাইল ব্যবহার করে যা ছেলেমেয়েদের জন্য খুবই ক্ষতিকর। এই ফিচারটির মাধ্যমে ঘুমের সময় মোবাইল ফোন ব্যবহার বন্ধ করা সম্ভব।

প্রাথমিকভাবে রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত ঘুমের সময় সেট করা থাকবে। তবে অভিভাবক চাইলে এটি পরিবর্তন করতে পারবেন।

**ফিচার-৬: নিষিদ্ধ ওয়েবসাইট**

১৮+ ওয়েবসাইট বিশেষ করে পর্নো সাইট, টিকটক, লাইকি, ফেইসবুক সহ অসংখ্য ওয়েবসাইট আছে যা ১৮ এর নিচের ছেলেমেয়েদের জন্য নয়। নিষিদ্ধ ওয়েবসাইট ফিচার এর মাধ্যমে এই সমস্ত ওয়েবসাইট ব্লক/বন্ধ করা যাবে।
প্রাথমিকভাবে অসংখ্য ১৮+ ওয়েবসাইট ব্লক করা থাকবে। তবে অভিভাবক চাইলে নতুন কোনো ওয়েবসাইট ব্লক করতে পারবেন।

**ফিচার-৭: গুগল সার্চ এ নিষিদ্ধ শব্দ**

গুগল সার্চে ১৮+ কনটেন্ট সার্চ করা থেকে বিরত রাখতে এই ফিচারটি রাখা হয়েছে। যা কিশোর কিশোরীদের প্রাপ্তবয়স্ক শব্দ সার্চ থেকে বিরত রাখবে।

**ফিচার-৮: শিশুদের মোবাইল ব্যবহার পর্যবেক্ষণ করা**

অভিভাবক এই অ্যাপ এর মাধ্যমে ছেলেমেয়েদের মোবাইল ব্যবহার পর্যবেক্ষণ করতে পারবেন। জানতে পারবেন প্রতিদিন কি পরিমান মোবাইল ব্যবহার করছে। কোন অ্যাপ বা ওয়েব কতক্ষন ব্যবহার করছে।

**ফিচার-৯: অ্যাপ আনইনস্টল রোধ :**

আজকের শিশুরা এতটাই স্মার্ট যে তার চাইলে অ্যাপটি কে আনইনস্টল করতে পারে। তাই আনইনস্টল রোধে এই ফিচার টি খুবই গুরুত্ব পূর্ণ।
প্রাথমিকভাবে ফিচারটি বন্ধ থাকবে। অভিভাবক চাইলে এটি একটিভ করতে পারবেন। পাসওয়ার্ড ফিল্ডে পাসওয়ার্ড দিয়ে এটি একটিভ করা যাবে।

এছাড়াও **চাইল্ড ফোন কন্ট্রোল** অ্যাপের আপডেট পেতে **CPC অ্যাপ আপডেট** এ ক্লিক করলে জানা যাবে নতুন কোনো আপডেট আছে কি না যদি আপডেট থাকে তাহলে আপডেট অ্যাপ ডাউনলোড করে ইন্সটল করলেই অ্যাপ আপডেট হয়ে যাবে।

বর্তমান সময়ে ছেলেমেয়েরা স্মার্টফোনের মাধ্যমে অনেক অপকর্মের সাথে জড়িয়ে পড়ছে। স্মার্টফোন ও ইন্টারনেটের অনেক ডার্ক সাইট থেকে ছেলেমেয়েদের দূরে রাখতে আমাদের অ্যাপটি কার্যকরী ভূমিকা পালন করতে পারবে বলে আশাকরি। আপনার সন্তানের সুন্দর ভবিষ্যৎ আমাদের কাম্য।

**গুরুত্বপূর্ণ নির্দেশনা:**

- যেকোনো সমস্যার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।
- **চাইল্ড ফোন কন্ট্রোল(CPC )**
- ওয়েবসাইট : https://dailysofttech.com
- ইনস্টলেশন ভিডিও: https://youtu.be/7h8_TXNepa8
- ইনস্টলেশন PDF: https://dailysofttech.com/apk/cpc_installation_guideline.pdf
- অ্যাপ ফিচার :
- ভিডিও: https://www.youtube.com/watch?v=FChXSazcLus
- PDF:  https://dailysofttech.com/apk/ChildPhoneControlAppFeatures.pdf
- CPC অ্যাপ মার্কেটিং গাইডলাইন: https://dailysofttech.com/apk/marketing_guideline.pdf
- মার্কেটিং অফিসার এর জন্য গুরুত্বপূর্ণ নির্দেশনা:
  https://dailysofttech.com/apk/ImportantInstructionsForMarketingOfficers.pdf
- যোগাযোগের জন্য *01916-921521* নাম্বারে ফোন করুন।
- ফেসবুক পেজ : https://web.facebook.com/profile.php?id=61568273386836

ধন্যবাদ।